

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.৫৫

তারিখ: ২৩ মাঘ ১৪২৬

০৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: সরকারি আবদুর রসিদ তালুকদার কলেজ, দশমিনা, পটুয়াখালী এর জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত  
অধ্যক্ষের দায়িত্বভার প্রদান

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সদ্য জাতীয়করণকৃত সরকারি আবদুর রসিদ তালুকদার কলেজে জ্যেষ্ঠতা লংঘন করে প্রতিষ্ঠানের নবম জ্যেষ্ঠ শিক্ষক জনাব সুচেতা দাস, প্রভাষক(জীববিজ্ঞান) অবৈধ উপায়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন মর্মে মাননীয় সংসদ সদস্য, ১১৩ পটুয়াখালী-৩ এর ডিও পত্রের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করেন। মাউশি অধিদপ্তর থেকে গত ১৭/১০/২০১৯ খ্রি. তারিখের পত্রে ৭ কর্মদিবসের মধ্যে জ্যেষ্ঠ শিক্ষকের তালিকা মাউশি অধিদপ্তরে জমা দেয়ার জন্য পত্র দেয়া হয়। কিন্তু ভারপ্রাপ্ত অধ্যক্ষ জ্যেষ্ঠ শিক্ষকের তালিকা মাউশিতে জমা দেননি। এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী কর্মরত শিক্ষকদের মধ্যে জ্যেষ্ঠতা নির্ধারন করে পত্র প্রাপ্তির ৭ কর্মদিবসের মধ্যে জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদান করার নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৬-২-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দশমিনা, পটুয়াখালী


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.৫৫/১

তারিখ: ২৩ মাঘ ১৪২৬

০৬ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
- ২) উপপরিচালক(কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সরকারি আবদুর রসিদ তালুকদার কলেজ, দশমিনা, পটুয়াখালী;
- ৪) সংরক্ষণ নথি।



৬-২-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক